

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আইসিটি সেল
www.moca.gov.bd


ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি মোঃ মিজানুর রহমান
যুগ্মসচিব
সভার তারিখ ১৯ অক্টোবর ২০২৩ ইং
সভার সময় সকাল ১০.০০ ঘটিকা।
স্থান মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি সংযুক্ত-১

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের প্রোগ্রামার জানান, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন ইতিমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সভার আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ইনোভেশন টিমের বিদ্যমান কার্যপরিধি বিষয়ে আলোচনা করা হয়। বর্তমানে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ রূপান্তরের লক্ষ্যে প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিম এর কার্যপরিধি যুগপোষোগী হবে বলে সভায় জানানো হয়।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইনোভেশন টিমের কার্যপরিধি পুনঃবিন্যাস সম্পর্কিত পরিপত্রের আলোকে প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ইনোভেশন টিম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
২.	মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম, সফটওয়্যারের মাধ্যমে ২০২৩-২৪ অর্থবছরের প্রতিবেদন প্রেরণ। ১ম কোয়ার্টারের প্রতিবেদন আগামী ৩১-১০-২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা। আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিবেদন আগামী মাসের মধ্যে মন্ত্রণালয়ের প্রেরণ করা বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	ক) আগামী ৩১-১০-২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে চলতি ২০২৩-২৪ অর্থবছরে প্রথম কোয়ার্টারের প্রতিবেদন অনলাইনে প্রেরণ নিশ্চিত করতে হবে। খ) আগামী ৬ নভেম্বর ২০২৩ তারিখ দিনব্যাপী মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য ও দপ্তর/সংস্থার ২ (দুই) জন কর্মকর্তাকে নিয়ে কর্মশালা আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩.	Smart Bangladesh বিষয়ে নতুন উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রনয়নের আলোকে আলোচনা করা হয়।	মন্ত্রণালয়ের কর্মকর্তাদের ও দপ্তর/সংস্থার নতুন নতুন ইনোভেশন আইডিয়া প্রদানের জন্য পত্র প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৪.	বিবিধ: ক) সুনামগঞ্জ জেলায় পরিদর্শনকৃত উদ্ভাবনী উদ্যোগ বিষয়ে মন্ত্রণালয়ে একটি লাইং সেশন আয়োজন করতে হবে। খ) কক্সবাজারে একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়।	ক) আগামী সমন্বয় সভায় এ বিষয়ে অবহিত করতে হবে। খ) আগামী ডিসেম্বর ২০২৩ এর ১ম সপ্তাহে কক্সবাজার জেলায় একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ইনোভেশন টিম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

০২. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মিজানুর রহমান

যুগ্মসচিব

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৬.০৯.০১৬.২৩.১৯৩

তারিখ: ৬ কার্তিক ১৪৩০

২২ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব , অনুষ্ঠান শাখা , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ২) উপসচিব , সাংস্কৃতিক বিনিময় শাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৩) উপসচিব , পরিকল্পনা শাখা-১, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৪) সিনিয়র সহকারী সচিব , হিসাব শাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৫) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৬) সিস্টেম এনালিস্ট , আইসিটি সেল, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৭) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৮) প্রোগ্রামার , আইসিটি সেল, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়



রতন চন্দ্র পাল

প্রোগ্রামার